

বাংলা

(মাইনর)
(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমিস্টার

কোর্স কোড : BENG-GG-T-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব
[NEP-2020]

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্তমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$
- ক) হরপ্রসাদ শাস্ত্রী আবিষ্কৃত চর্যাপদের পৃথিটির প্রধান বিষয়বস্তু কী ছিল?
- খ) কৃত্তিবাস ওয়ার রামায়ণ কী নামে পরিচিত? এই কাব্যের মুখ্য রস কী?
- গ) কৃষ্ণদাস কবিরাজ রচিত 'চৈতন্য চরিতামৃত' গ্রন্থটি কি কি ভাষায় লিখিত হয়েছে? কবি গ্রন্থটিতে চৈতন্যজীবন কথা প্রসঙ্গে আর কী ব্যক্ত করেছেন?
- ঘ) প্রসাদী সুর কী?
- ঙ) সনকা চরিত্রটি মধ্যযুগের কোন কাব্যে পাওয়া যায় তা উল্লেখ করো। সেই কাব্যের একজন উল্লেখযোগ্য কবির নাম উল্লেখ করো।

চ) 'কীর্তিলতা' গ্রন্থটি কে কোন ভাষায় লিখেছিলেন? তিনি কোন রাজসভার কবি ছিলেন?

ছ) ভাষা কাকে বলে তা দুটি বৈশিষ্ট্যসহ বুঝিয়ে দাও।

জ) মগধী অপভ্রংশ অবহট্ট থেকে কোন্ কোন্ আধুনিক ভারতীয় ভাষার জন্ম হয়েছে?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

ক) চর্যাপদ বাংলা ভাষার আদি নিদর্শন রূপে গণ্য হওয়ার সাপেক্ষে কারণগুলি নির্দেশ করো।

খ) সংস্কৃত রামায়ণ অনুবাদ করলেও কৃত্তিবাস সেখানে কোন কোন নতুন কাহিনি সংযোজন করেছিলেন?

গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে অভিসার পর্যায়ে প্রধান কবির কাব্যবৈশিষ্ট্যের পরিচয় দাও।

ঘ) বাংলা ভাষার উপভাষাগুলি কী কী? রাঢ়ী ও বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে উল্লেখিত চরিত্রগুলির নাম উল্লেখ করে এই কাব্যের অভিনব দিকগুলি ব্যাখ্যা করো।

খ) ধর্মমঙ্গল কাব্যের কোন কাহিনিকে ইতিহাসাশ্রয়ী বলা যায়? সেই কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) বৈষ্ণব সাহিত্য এবং শাক্ত সাহিত্যের মধ্যে তুলনামূলক আলোচনা করো।

ঘ) বাংলা ভাষায় ধ্বনির রূপান্তরের যে কোন চারটি সূত্র উদাহরণ সহ উল্লেখ করো।